গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০০৯.২০-১৮১

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ / ২৯ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১৪.০৬.২০২১ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ভার্চুয়াল (জুম অ্যাপস) এর মাধ্যমে অনুষ্ঠিত শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৯/০৬/২০২১
(কাজী লুতফুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৬০৪৮
healthad3@gmail.com

বিতরণ: **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৩. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প:ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৪. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৫. সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৬. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

অনুলিপি সদয় অবগতি জন্য :
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আলী নূর
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : ভার্চুয়াল (জুম অ্যাপস)
তারিখ : ১৪-০৬-২০২১ খ্রি:
সময় : বিকাল ০৩.০০ টা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব ও সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং যুগ্মসচিব (প্রশাসন) ও এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ এর ১৩টি সূচকের মধ্যে ১৩.৩ নং সূচক এবং অদ্যকার আলোচ্য বিষয়ের উপর সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান, মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমুহের সার্বিক কার্যক্রম মনিটরিং ও পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরনের জন্য এ বিভাগের আওতাধীন দপ্তরগুলোকে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রসংগে তিনি আরও বলেন, প্রতিটি প্রতিষ্ঠানের নথি শ্রেণি বিন্যাস ও নথি বিনষ্টকরণ এর উপর গুরুত্বারোপ করা প্রয়োজন। এরপর সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | (ক) এ পর্যায়ে টাংগাইল জেলার উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) বলেন, টাংগাইল জেলার পরিবার পরিকল্পনার বিভিন্ন কার্যালয়ে ইতোমধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যেমন- অভিযোগ বক্স খোলা হয়েছে, সিটিজেন চার্টার যথাস্থানে লটকানো আছে এবং তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে ও ই-টেন্ডারিং কার্যক্রম শুরু করা হয়েছে। | ০১। NIS ২০২০-২০২১ এ উল্লিখিত সূচকসমুহের চতুর্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্বাশিপক বিভাগে আগামী ৩০/০৬/২০২১ তারিখের পূর্বে দাখিল করতে হবে; | প্রশাসন অনুবিভাগ/মহা পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/মহা পরিচালক, নিপোর্ট/মহা পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |
| | | (খ) রাজবাড়ি জেলার উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) বলেন, রাজবাড়ি জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়েও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যেমন পেনশন কার্যক্রম সহজীকরণের কাজ চলছে। দ্রুত এর সুফল পাওয়া যাবে বলে তিনি সভাকে অবহিত করেন। কোন কর্মচারীর চাকুরী শেষ হলে পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে যাতে তিনি পেনশন সুবিধা পান তার কার্যক্রম চলছে। ইতোমধ্যে অভিযোগ বক্স খোলা হয়েছে। সিটিজেন চার্টার যথাস্থানে লটকানো আছে এবং তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং ই-টেন্ডারিং কার্যক্রম শুরু হয়েছে। | ০২। এ বিভাগের আওতাধীন শাখা ও দপ্তরসমুহের নথি শ্রেণি বিন্যাস ও বিনষ্টকরণ আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করে আবশ্যিকভাবে প্রমাণকসহ স্বাশিপক বিভাগের প্রশাসন-৩ শাখায় দাখিল করতে হবে; | প্রশাসন অনুবিভাগ/মহা পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| | | (গ) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বলেন, গত কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভা কোভিড-১৯ বৃদ্ধির কারণে আয়োজন করা সম্ভব হয়নি। উক্ত সভা চলতি মাসের মধ্যে আয়োজন করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে এবং এ সংক্রান্ত কর্মশালাটি চলতি মাসে আয়োজন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত | ০৩। মাঠ পর্যায়ের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহ পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদন আগামী ৩০/০৬/২০০২১ তারিখের পূর্বে আবশ্যিকভাবে প্রমাণকসহ স্বাশিপক বিভাগে দাখিল করতে হবে; | প্রশাসন অনুবিভাগ/মহা পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে ইতোমধ্যে অভিযোগ বক্স খোলা হয়েছে ও ই-টেন্ডারিং কার্যক্রম শুরু হয়েছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের শুদ্ধাচার পুরস্কার নির্বাচন এর কার্যক্রমও ইতোমধ্যে শেষ হয়েছে, খুব শীঘ্রই তা অনুমোদনের জন্য মন্ত্রনালয়ে প্রেরণ করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন। বিভিন্ন শাখা পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। গণশুনানী কার্যক্রম দ্রুত শুরু করার কথাও তিনি সভাকে অবহিত করেন। | | |
| | | (ঘ)অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) স্বাশিপকবি বলেন, সিটিজেন চার্টার অনুযায়ী অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে এবং NISএর উপর মূল্যায়ন এর ক্ষেত্রে এ বিভাগের অবস্থান সুদৃঢ় করতে হবে। পরিচালক (প্রশাসন), নিপোর্ট বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় ত্রৈমাসিক রিপোর্ট ইতোমধ্যে এ বিভাগে (স্বাশিপক) প্রেরন করা হয়েছে। ক্লাস রুমের সংকটের কারণে চলতি অর্থ বছরের ২য় ও ৩য় কোয়ার্টারে ট্রেনিংসমুহ আয়োজন করা সম্ভব হয়নি। চলতি কোয়ার্টারে সকল ট্রেনিং সম্পন্ন হবে বলে তিনি সভাকে অবহিত করেন। চলতি অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার নির্বাচন এর কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় ই-টেন্ডারের কার্যক্রম আগামী অর্থবছর হতে শুরু হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সিটিজেন চার্টার যথাস্থানে লটকানো আছে এবং তা ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ০৪। স্ব স্ব সিটিজেন চার্টার প্রতিষ্ঠানসমূহের যথাস্থানে লটকানো এবং তা আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা চূড়ান্তকরণপূর্বক অত্র বিভাগে দাখিলকরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ এর সিদ্ধান্ত গৃহীত হয়; | মহা পরিচালক (নিপোর্ট)/মহা পরিচালক, পরিকল্পনা অধিদপ্তর/মহা পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |
| | | (ঙ) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বলেন, আগামী ২০২১-২০২২ অর্থবছর হতে সকল মেডিকেল কলেজসমুহে শুদ্ধাচার সংক্রান্ত সূচকগুলো সঠিকভাবে প্রতিপালন করা হবে। | ০৫। সকল মেডিকেল কলেজে শুদ্ধাচার সংক্রান্ত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়; | অতিরিক্ত সচিব, চিকি: শিক্ষা অনুবিভাগ/মহা পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |
| | | (চ) পরিচালক, নার্সিং বলেন, গণশুনানী কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৭/০৬/২০২১ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ৪র্থ সভা অনুষ্ঠিত হবে। অংশীজনের অংশগ্রহণে সভা, চাকুরি সংক্রান্ত প্রশিক্ষণ এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসমূহে পরবর্তীতে স্বাশিপকবি হতে প্রতিনিধি প্রেরনের জন্য তিনি অনুরোধ জানান। | ০৬। কোয়ার্টারের নির্ধারিত সভা, প্রশিক্ষণ এবং কর্মশালা আগামী ৩০/০৬/২০০২১ তারিখের পূর্বে সম্পন্নপূর্বক প্রমাণকসহ স্বাশিপক বিভাগে দাখিল এর সিদ্ধান্ত গৃহীত হয়; | প্রশাসন অনুবিভাগ/মহা পরিচালক (নার্সিং)/মহা পরিচালক (পরিবার পরিকল্পনা) অধিদপ্তর/মহা পরিচালক (নিপোর্ট)/মহা পরিচালক (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর) |

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৬/২১

(মো: আলী নূর)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ